

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৫(আগরতলা, ০৬।০৩)
তেলিয়ামুড়া, ০৬ মার্চ, ২০১৯

গ্রাম স্বরাজ অভিযান : তেলিয়ামুড়ায় শিবির অনুষ্ঠিত

তেলিয়ামুড়া ব্লকের উদ্যোগে গতকাল স্থানীয় টাউন হলে গ্রাম স্বরাজ অভিযানের অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রীর বিভিন্ন প্রকল্প বিষয়ক এক সচেতনতা ও নিবন্ধীকরণ শিবিরের আয়োজন করা হয়। পাশাপাশি প্রধানমন্ত্রী শ্রম যোগী মান ধন যোজনারও আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এই দুইটি অনুষ্ঠানের উদ্বোধন করেন সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায়। উপস্থিত ছিলেন বিধায়ক ডা: অতুল দেববর্মা, তেলিয়ামুড়া বি এ সি'র চেয়ারম্যান পদ্মকুমারী রাঙ্খল, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নিরোদ দাস, খোয়াই জেলার ডি সি এম শঙ্কর নারায়ণ দাস, খোয়াই জেলা শ্রম আধিকারিক সুজিত লঙ্কর প্রমুখ। অনুষ্ঠানে সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায় বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনমুখী পরিকল্পনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যেই এই অনুষ্ঠানের আয়োজন। প্রধানমন্ত্রী দেশের পিছিয়ে পড়া গরীব জনসাধারণের জন্য বিভিন্ন প্রকল্প চালু করে চলেছেন, যাতে দেশের সাধারণ মানুষ লাভবান হয়। তিনি বলেন, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের কল্যাণে আজ সারা দেশে প্রধানমন্ত্রী শ্রম যোগী মান ধন যোজনার উদ্বোধন হয়েছে। তিনি সৌভাগ্য যোজনা, উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী কিশাণ সন্মান নিধি, আয়ুস্মান ভারত প্রকল্পে বহু গরীব মানুষ উপকৃত হচ্ছেন বলে উল্লেখ করেন। তিনি বলেন, বর্তমানে সরকার বিভিন্ন জনহিতকারী প্রকল্প বাস্তবায়িত করছে। তিনি রাজ্যের জনকল্যাণমুখী কর্মসূচির সকল বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অনু গোপা। স্বাগত ভাষণ দেন বি ডি ও সান্তনু বিকাশ দাস। শিবিরে মৎস্য দপ্তর থেকে ৭১৪ জন মৎস্যচাষীকে মৎস্যচাষের সরঞ্জাম তুলে দেওয়া হয়। উজ্জ্বলা যোজনায় ১২১ জন মহিলাকে রান্নার গ্যাসের সংযোগ দেওয়া হয়। কিশাণ ক্রেডিট কার্ড ও প্রধানমন্ত্রী কিশাণ সন্মান নিধি যোজনায় ১১০ জনের আবেদনপত্র গ্রহণ করা হয়। বিদ্যুৎ উন্নয়ন নিগমের পক্ষ থেকে শিবিরে জানানো হয়েছে, এখন পর্যন্ত ব্লক এলাকার ২৭০০ সুবিধাভোগীর বাড়িতে সৌভাগ্য যোজনায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। অন্যদিকে অটল জল ধারায় ৩৩৪ জনের কাছ থেকে আবেদনপত্র জমা পড়েছে।
